

বিশ্ব

জিএম বিষয়ে গোলটেবিল আলোচনা

জিএম এম বিষয়ে ভোক্তাদের বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে সম্প্রতি গবেষক, শিক্ষক, ডাক্তার, পরিবেশবাদী, কৃষক এবং সাংবাদিক সবাই এক গোল টেবিল আলোচনার জন্য মিলিত হয়েছিলেন। এ আলোচনায় জিএম সংশ্লিষ্ট অ্যালার্জি, ক্যান্সার ও বিভিন্ন কুসংস্কার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। আমেরিকায় আয়োজিত এ অনুষ্ঠানটির সকল প্রশ্নোত্তর তাদের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে যা সবার জন্য উন্মুক্ত রয়েছে।

Read more at <http://gmoanswers.com/studies/top-10-consumer-questions-about-gmos>.

আফ্রিকা

আফ্রিকান ধান উন্নয়নে প্রকল্প গ্রহন

বিল এন্ড মেলিভা গেটস ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় আফ্রিকার আবহাওয়া উপযোগী ধানের জাত উদ্ভাবনে নতুন প্রকল্প গ্রহন করেছে আফ্রিকান রাইস সেন্টার। প্রায় ২০০০ আফ্রিকান নিজস্ব জাত (ল্যান্ডরেস) সংগ্রহ করা হয়েছে এ গবেষণা প্রকল্পে যা থেকে খরা, লবন ও বন্যা সহিষ্ণু জিন সনাক্ত করে উচ্চফলনশীল জাতে সন্নিবেশ করা হবে।

For more details about this project, read the AfricaRice news release available at <http://africarice.wordpress.com/2014/04/16/project-launched-to-harness-resilient-traits-from-african-rice/>.

আমেরিকা

প্রতিকূল আবহাওয়া সহিষ্ণু হরমোনের চলাচল এবং বিন্যাস অনুধাবনে ন্যানোসেন্সর উদ্ভাবন

ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক সম্প্রতি উদ্ভাবিত ন্যানোসেন্সর দিয়ে খরা প্রতিরোধী হরমোন অ্যাবসিসিক এসিডের চলাচল পর্যবেক্ষণ করতে সক্ষম হয়েছেন। বিজ্ঞানীরা দেখেছেন যে, খরার কারণে উক্ত হরমোনের ঘনত্বের পরিবর্তন সেন্সর যন্ত্রের মাধ্যমে স্পষ্ট দেখা যায়। তবে সেদিন বেশি দূরে নয় যখন অ্যাবসিসিক এসিড কিভাবে মূলত খরা সহিষ্ণুতায় ভূমিকা রাখে এ বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য।

For more about this research, read the UC San Diego news release at http://ucsdnews.ucsd.edu/pressrelease/biologists_develop_nanosensors_to_visualize_movements_and_distribution_of_p.

এশিয়া

বাংলাদেশের উত্তরাঞ্চলের চর এলাকার কৃষি উন্নয়নে ভূমিকা রাখবে বায়োটেকনোলজি

গত ১১-১২ এপ্রিল রংহরে আয়োজিত এক কর্মশালায় অত্র অঞ্চলের কৃষি উৎপাদনে বায়োটেকনোলজির সম্ভাব্য ভূমিকা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে। মূলত বাংলাদেশের উত্তরাঞ্চল খরা প্রবন। এখানকার বালু মাটির প্রধান ফসল মিষ্টি কুমড়া। অথব এ অঞ্চলে খরা সহিষ্ণু ভূট্টা উৎপাদন করা সম্ভব। আর এক্ষেত্রে ভূমিকা রাখতে পারে বায়োটেকনোলজি- বললেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবে উপাচার্য ড. এম. এ. সাত্তার মন্ডল। তিনি আরও বলেন মগ্গা মোকাবেলার জন্য কৃষি প্রযুক্তির হতে পারে মোক্ষম হাতিয়ার যা কিনা বায়োটেকনোলজি প্রয়োগ করার মাধ্যমেই অর্জন করা সম্ভব। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রায় ১০ জন স্বনামধন্য অধ্যাপক, বিজ্ঞানী, সাংবাদিক এবং কৃষি সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

For more information, please contact Dr. K M Nasiruddin at nasirbiotech@yahoo.com

ভবিষ্যতের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করবে বায়োটেকনোলজি

সম্প্রতি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আয়োজিত “Biotechnology for Better Tomorrow” বিষয়ক কর্মশালায় বক্তারা ভবিষ্যতের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে বায়োটেকনোলজি কিভাবে ভূমিকা রাখবে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এম. মিজানুদ্দিন তার উদ্বোধনী বক্তৃতায় বলেন, বায়োটেক গবেষণায় তার বিশ্ববিদ্যালয় সর্বাঙ্গিক চেষ্টা করে যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে দেশী-বিদেশী শতাধিক বিজ্ঞানী, শিক্ষক, নীতিনির্ধারক এবং গবেষণা শিক্ষার্থী উপস্থিতি ছিলেন।

For more information, please contact Dr. K M Nasiruddin at nasirbiotech@yahoo.com

ইউরোপ

উদ্ভিদে রোগ প্রতিরোধী জিন আবিষ্কার

The Sainsbury Laboratory (TSL) এর একদল বিজ্ঞানী সম্প্রতি উদ্ভিদে রোগ প্রতিরোধী জিন আবিষ্কার করেছেন। RRS1 and RPS4 নামক জিন দুটি এমন এক ধরনের প্রোটিন সংশ্লেষণ করে যা কিনা প্রথমে ব্যাকটেরিয়া হতে নিঃসৃত নির্দিষ্ট উপাদান সনাক্ত করতে পারে। যার ফলশ্রুতিতে আক্রমণকারী ব্যাকটেরিয়ার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে পারে।

For more about this research, read the TSL news release available at <http://www.tsl.ac.uk/plant-disease-resistance.html>. The results of the research is published in the April 18th edition of Science Magazine, available at <http://www.sciencemag.org/content/344/6181/299.full>.

ডাচ সরকার জীবপ্রযুক্তি বিধিমালা প্রকাশ করেছে

সম্প্রতি ডাচ মন্ত্রিসভায় জীবপ্রযুক্তি বিষয়ক ১৩ পৃষ্ঠায় বিধিমালা প্রস্তাবিত হয়েছে। উক্ত বিধিমালায় জীবপ্রযুক্তি সম্প্রসারণে সরকারের করণীয় ও বর্জনীয় সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আলোকপাত করা হয়েছে। এ বিধিমালা দেশটির খাদ্য, স্বাস্থ্য ও শিল্প খাতে সুদূরপ্রসারী ভূমিকা রাখবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

For more about this research, read the TSL news release available at <http://www.tsl.ac.uk/plant-disease-resistance.html>. The results of the research is published in the April 18th edition of Science Magazine, available at <http://www.sciencemag.org/content/344/6181/299.full>.

গবেষণা

বীজের সুগ্ণাবস্থা নিয়ন্ত্রন করে DOG1 জিন

বীজের সুগ্ণাবস্থা খুবই গুরুত্বপূর্ণ একটি কৃষিতাত্ত্বিক বৈশিষ্ট্য। অন্যান্য ফসলের মধ্যে গম বীজের সুগ্ণাবস্থা খুবই ক্ষনস্থায়ী যা নিয়ন্ত্রন করা বেশ কঠিন। দীর্ঘদিন ধরে গবেষণা করে বিজ্ঞানীরা DOG1 জিনটিকে খুঁজে পেয়েছেন যা কিনা এ বৈশিষ্ট্য নিয়ন্ত্রন করে। এই জিনটিই গমে স্থানান্তর করার চেষ্টা চলছে যা সম্ভব হলে গম উৎপাদন বহুলাংশে বৃদ্ধি পাবে।

Read the research article at <http://link.springer.com/article/10.1007/s11248-014-9800-5/fulltext.html>.